

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৫৪

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة) পরিচ্ছেদঃ ৫৫. যে পরিমাণ পানি অপবিত্র হয় না. তার পরিমাণ

بَابُ قَدْرِ الْمَاءِ الَّذِي لَا يَنْجُسُ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَقَ عَنْ مُحَمَّدِ بْنِ جَعْفَرِ بْنِ الزُّبَيْرِ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ أَبِيهِ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ الْمَاءِ يَكُونُ بِالْفَلَاةِ مِنْ الْأَرْضِ وَمَا يَنُوبُهُ مِنْ الدَّوَابِّ وَالسِّبَاعِ فَقَالَ إِذَا بَلَغَ الْمَاءُ قُلَّتَيْنِ لَمْ يُنَجِّسْهُ شَيْءٌ

إسناده ضعيف فيه عنعنة ابن إسحاق ولكن الحديث صحيح

বাংলা

৭৫৪. উবাইদুল্লাহ ইবনু আব্দুল্লাহ ইবনু উমার তার পিতা (ইবনু উমার) রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণনা করেন, তিনি বলেন: আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে শুনেছি, (যখন) তাঁকে জঙ্গলের কুয়ার পানি সম্পর্কে প্রশ্ন করা হলো, যাতে গৃহপালিত পশু ও হিংস্র প্রাণী পানি পান করার জন্য এসে থাকে। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: "পানি দুই কুল্লাহ পরিমাণ হলে কোনো কিছুই একে অপবিত্র করতে পারে না।"[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ যয়ীফ। কারণ, ইবনু ইসহাক মুদাল্লিস, আর তিনি এটি 'আন 'আন পদ্ধতিতে বর্ণনা করেছেন। তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ করেছি মুসনাদুল মাউসিলী নং৫৫৯০; সহীহ ইবনু হিব্বান নং ১২৪৯; মাউয়ারিদুয যাম'আন নং ১১৭ এ। (আহমাদ ২/১২, ২৩; তিরমিয়ী ৬৭; দারুকুতনী ১/১৯ নং ১৪; আবু দাউদ ৬৩, ৬৪, ৬৫; ইবনু মাজাহ ৫১৭, ৫১৮; তাহাবী, শারহু মা'আনিল আছার ১/১৫, ১৬; বাইহাকী, ১/২৬২; হাকিম ১/১৩৩। (অপর সনদে) নাসাঈ ১/৪৬, ১৭৫; ইবনু হিব্বান ১২৩৭; হাকিম ১/১৩২; ইবনু খুযাইমা ৯২।মুহাকিকের তাহকীককৃত, মুসনাদুল মাউসিলী নং ৫৫৯০ এর টীকা হতে।- অনুবাদক)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উবাইদুল্লাহ ইবনু উমার (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন